০৩। ক্রেডিট ইউনিয়ন পরিক্রমা - প্রকাশনায় ঃ দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কাল্ব)।

আরও জমি কেনার ইচ্ছা ছিল; কিন্তু সেই রকম নির্ভেজাল জমি না পাওয়াতে, জমি কিনে রেখে আসতে পারি নাই। ২০০৬ সালে আমি ৫ কোটি টাকা নিয়ে যাত্রা শুরু করি, আর আমি যখন ২০১২ সালে বিদায় নিয়ে চলে আসি, তখন মূলধন রেখে আসি প্রায় ৪০ কোটি টাকা। আমার ৬ বছরে মূলধন বৃদ্ধি পেয়েছে প্রায় ৩৫ কোটি টাকা। এত বড় অর্জন আমি মনে করি আমাদের কর্মকর্তাদের চেয়ে সদস্য/সদস্যাদের অবদান বেশী। মাহাত্না গান্ধীর একটি উক্তি থেকে তা বুঝা যায়। আর আমি সব সময়ই তাঁর মহা উক্তিটি অনুসরন করেছি। উক্তিটি হলো,

"We are not doing any favor by serving a customer.
A Customer is doing us a favor by giving us an oppertunity to do so".

**- Mahatma Gandhi.**

মঠবাড়ী ধর্মপল্লীর সদ্য নির্মিত নতুন গির্জা ঘরটি হয়েছে, সেখানেও আমরা ক্রেডিটের পক্ষ থেকে ৫০ লাখ টাকা দিয়ে সাহায্য করেছি। মঠবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের গরীব মেধাবী ছাত্রীদের ভালভাবে লেখা পড়া করার জন্য আর্থিক সাহায্য দেওয়া হয়েছিল। বড়দিনের সময় ভিনসেন্ট ডি. পলের মাধ্যমে গরীব অসহায় পরিবারদের সাহায্য করা হত। আমাদের মিশনের পালক পুরোহিত যেন নিশ্চিন্তে সেবা কাজ করতে পারেন সেই দিকে বিবেচনা করে একটা অনুদানের ব্যবস্থা করা হয়েছিলো।

ফাদার দ্বারা পরিচালিত যে কোন প্রোগ্রামে আমরা ক্রেডিট থেকে আর্থিক সহযোগিতা করেছি, যাতে ধর্মীয় মূল্যবোধে সমাজ গর্বিত হতে পারে। অনেক নিরীহ সদস্যদের ব্যয়বহুল চিকিৎসায় আমরা ক্রেডিট থেকে আর্থিক সাহায্য করেছি। এরকম অনেক আর্থিক সাহায্য সহযোগিতা আমরা ক্রেডিটের পক্ষ থেকে করেছি এবং তা অব্যাহত রয়েছে।

ক্রেডিট ইউনিয়নে মন দিয়ে আন্তরিকতার সাথে কাজ করলে ক্রেডিট ইউনিয়নের কাজ অনেক আনন্দ ও তৃপ্তি আছে। খ্রিষ্টান মূল্যেবোধ গুলির সাথে ক্রেডিট ইউনিয়নের মূল্যবোধ গুলোর একটা মিল আছে। মানুষকে প্রকৃত সেবা করা, সৎ হওয়া, মানুষের মধ্যে একতা সৃষ্টি করা ক্রেডিট ইউনিয়ন হল একটি উপযুক্ত স্থান। মানুষের আর্থিক সমস্যার সাথে আরও অনেক ধরনের সমস্যা থাকে। প্রায় সকল সমস্যাই মানুষের অর্থনীতির সাথে জড়িয়ে থাকে। তাই সদস্য/সদস্যাদের সাথে আন্তরিকতার সাথে মিশলে মানুষের অনেক ধরনের সমস্যা সম্মন্ধে বুজা যায়।

আমি সাধারন সদস্য/সদস্যাদের সাথে অনেক সময় দিয়ে তাদেরকে বুঝতে চেষ্ঠা করেছি। মানুষকে আর্থিক সাহায্যের সাথে সাথে সুন্দর কথা বলে, আশা ভরসা দিয়েও অনেক সাহায্য সহযোগিতা করার সুযোগ আছে। মানুষের সাথে সাথে মিশে বুজা যায় মানুষ কত বিচিত্র কেউ ভাল, কেউ মন্দ, কেউ মানবরূপী দেবতা।

মানুষের সাথে মিশে, মানুষের কাছ থেকেও অনেক কিছু শিক্ষা নেওয়া যায় এবং নিজেকে বুজা যায় আমি কি ধরনের, নিজেকে মূল্যায়ন করা যায়। ক্রেডিটে কাজ করতে গিয়ে একটা মহা শিক্ষা হয়েছে যে নেতা হওয়াই যথেষ্ট নয়, হৃদয়বান হওয়া ও প্রকৃত সেবক হওয়া দরকার সমাজের জন্য। মানুষের ভাল গুণের সদব্যবহার অনেক কিছু করা সম্ভব ক্রেডিট ইউনিয়নে। এখন ক্রেডিট ইউনিয়ন মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের একমাত্র অবলম্বন।

ভবিষ্যতে যারা ক্রেডিটে নেতৃত্ব দিবে তাদের হতে হবে যুগোপযোগী নেতা। তাদের মধ্যে আসতে হবে সদস্য/সদস্যাদের আস্থা। একমাত্র সেবার মাধ্যমেই আস্থা অর্জন সম্ভব। ক্রেডিট ইউনিয়নের সকল নেতার মধ্যে নেতৃত্বের কারিশমার বহিঃপ্রকাশ ঘটুক। ঈশ্বর আমাদের সহায় হোন।